দৈনিক ইত্তেফাক

257

তারিখ ... AUG 15 1999 ...
পৃষ্ঠা [illegible] ... কলাম [illegible] ...

# উখিয়া কলেজে সংঘর্ষ ॥ ১৭ জন আহত

কক্সবাজার সংবাদদাতা ॥ গত বুধবার উখিয়া ডিগ্রী কলেজে ৩ ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষে ছাত্রলীগ, ছাত্রদল ও ছাত্রশিবিরের ১৭ জন আহত হইয়াছে। আহতদের মধ্যে ৭ জনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হইয়াছে। উক্ত কলেজের অধ্যক্ষের অপসারণকে কেন্দ্র করিয়া কলেজ ক্যাম্পাসে ছাত্র সংগঠনগুলির নিজেদের আধিপত্য বিস্তার করার জন্য মিছিল করার সময় এই সংঘর্ষের সূত্রপাত হয় বলিয়া জানা গিয়াছে। এই সময় ৪/৫টি দোকান ও কয়েকটি যানবাহন ভাংচুর করা হইয়াছে। সন্ধ্যায় উখিয়া থানা পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।